দৈনিক সংবাদ

তারিখ 27 জানু 1996
পৃষ্ঠা ৬ কলাম ৬

কলকাতা বুক ফেয়ার

# বাংলাদেশ থেকে যাচ্ছে রেকর্ড পরিমাণ বই

॥ সালাম জুবায়ের ॥

বিকিকিনির দিক দিয়ে এশিয়ার সবচেয়ে বড় বইমেলা 'কলকাতা বুক ফেয়ার'–এ এবার বাংলাদেশের রেকর্ড-সংখ্যক বই যাচ্ছে। প্রায় আড়াই হাজার টাইটেলের বই এবার কলকাতা বইমেলায় প্রদর্শিত হবে। বাংলাদেশের এত বিপুল-সংখ্যক বই আর কখনো কলকাতা বইমেলায় প্রদর্শিত হয়নি। তবে, মেলায় বিক্রির জন্য প্রায় দু' হাজার টাইলেটের ১০ হাজার বই পাঠানো হয়েছে। মেলায় বাংলাদেশের অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের সংখ্যাও বাড়ছে। শুধু তাই নয়। বাংলাদেশের বইকে প্রাধান্য দেয়ার লক্ষ্যে মেলায় একদিন বাংলাদেশ দিবস হিসেবে পালন করা হবে। এদিন বাংলাদেশের বইয়ের বিশেষ প্রদর্শনী, প্রচার এবং বাংলাদেশের প্রকাশনা ও সাহিত্য নিয়ে আলোচনা–সেমিনার অনুষ্ঠিত হবে। কলকাতা বইমেলায় এই প্রথম বাংলাদেশ এবং বাংলাদেশের বইকে এতে গুরুত্ব দিয়ে উপস্থাপন করা হচ্ছে।

এবার কলকাতা বইমেলা অনুষ্ঠিত হচ্ছে ৩১শে জানুয়ারি থেকে ১১ই ফেব্রুয়ারি পর্যন্ত। ১৯৭৫ থেকে কলকাতা বইমেলা অনুষ্ঠিত হচ্ছে। এবার অনুষ্ঠিত হচ্ছে ২১তম মেলা। বিভিন্ন দেশের প্রায় …শ' প্রতিষ্ঠান প্রায় ৫০ হাজার টাইটেলের বই নিয়ে স্টল সাজাবে।

কলকাতা বইমেলায় এবার বাংলাদেশের বিশাল আয়তনের প্যাভিলিয়ন থাকবে। এতে স্টল সাজাবে সরকারি প্রতিষ্ঠান বাংলা একাডেমি, জাতীয় গ্রন্থকেন্দ্র, শিশু একাডেমি ও ইসলামিক ফাউন্ডেশন। এছাড়া নিজ খরচে মেলায় স্বতন্ত্র স্টল দিয়ে অংশ নেবে ইউনিভার্সিটি প্রেস লিঃ, মুক্তধারা, বিদ্যা প্রকাশ ও পাঠক সমাবেশ। 'নয়া প্রকাশ' নামে কলকাতার একটি প্রতিষ্ঠান শুধু বাংলাদেশের বই দিয়ে একটি বিশাল প্যাভিলিয়ন সাজাচ্ছে। নয়া প্রকাশ কলকাতায় বাংলাদেশের বইয়ের সবচেয়ে বড় আমদানিকারক। গত বছর কলকাতা বইমেলায় নয়া প্রকাশ একাই প্রায় দু'লাখ টাকার বাংলাদেশী বই বিক্রি করেছে। এবার এই বিক্রি কয়েকগুণ বেশি হবে বলে নয়া প্রকাশের স্বত্বাধিকারী পার্থ শংকর বসু এই প্রতিনিধিকে জানিয়েছেন। গত বছর তিনি বাংলাদেশ থেকে ১৫ লাখ টাকার বই কলকাতায় নিয়েছেন।

কলকাতা বইমেলায় বাংলাদেশের বই নেয়ার জন্য পার্থ বসু দিন কয়েক আগে ঢাকা এসেছিলেন। ঢাকা থেকে সাহিত্য প্রকাশের মাধ্যমে তিনি প্রায় দেড় হাজার টাইটেলের ৬ হাজার বই নিয়ে গেছেন।

ঢাকা থেকে কয়েকজন লেখক–কবি কলকাতা বইমেলায় যাচ্ছেন।